গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশল অধিদপ্তর
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৩৪/১

তারিখ ঃ ০৩ ফাল্গুন ১৪৩১।
১৬ ফেব্রুয়ারি ২০২৫।

## নোটিশ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. তারিখ বেলা ০৩.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভা কক্ষে অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব রেহেনুমা তারান্নুম, প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম মহোদয়।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি ঃ

১। বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
২। অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সম্পর্কিত সার্বিক বিষয় নিয়ে আলোচনা ।
৩। বিবিধ।

১৬/০২/২৫
(মোঃ মামুনুর রহমান)
উপজেলা প্রকৌশলী
ও সদস্য সচিব
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

.................................................................
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। নোটিশ বোর্ড।

## পরিশিষ্ট- "ক"

### অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি হাজিরা স্বাক্ষরঃ

স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। সভার তারিখ: ১৭/০২/২০২৫

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | রেহেনুমা তারান্নুম | প্রশাসক, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সভাপতি | |
| ২ | মোঃ হারুন অর রশীদ | চেয়ারম্যান<br>ফুলবাড়ী সদর ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৩ | মোঃ শরীফুল আলম মিয়া | চেয়ারম্যান<br>শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৪ | মোঃ একরামুল হক | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৫ | মোঃ মামুনুর রহমান | উপজেলা প্রকৌশলী<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য-সচিব | |

# উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিষয় ঃ অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ রেহেনুমা তারান্নুম
প্রশাসক, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

তারিখ ঃ ১৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

সময় ঃ বেলা ০৩.০০ ঘটিকা ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট- "ক" তে দেখানো হলো।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরনী পাঠ করে তা সর্বসম্মতিক্রমে গৃহীত হওয়ায় উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী ও সদস্য-সচিব, অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটিকে আহবান জানানো হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি):**

সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, অবকাঠামোগত দক্ষতা উন্নয়ন ও তথ্যের মাধ্যমে ঝুঁকিপূর্ণ জনগোষ্টির সহনশীলতা বৃদ্ধি(প্রভাতী) প্রকল্পের আওতায় ফুলবাড়ী উপজেলাধীন কাশিপুর হাট উন্নয়নের জন্য গৃহীত হয়েছে যা অল্প সময়ের মধ্যে বাস্তবায়নের কাজ শুরু করা হবে। কিন্তু উক্ত হাটের পুরাতন অবকাঠামো অপসারণ না হলে কাজ বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। ফলে পুরাতন অবকাঠামো অপসারণের জন্য নিলামের মাধ্যমে বিক্রয়ের মূল্য টাকা=২,৩৭,৯৭৫/- নির্ধারণ করা হয়েছিল। এই প্রেক্ষিতে উক্ত পুরাতন অবকাঠামো অপসারণ করার জন্য পর্যায়ক্রমে ০৩(তিন) বার নিলাম বিজ্ঞপ্তি জারী করা হলেও পুরাতন অবকাঠামোর নিলাম মূল্য অতিরিক্তের অজুহাতে কোন আগ্রহী ব্যক্তি নিলাম ডাকে অংশগ্রহণ করেননি। ফলে পুরাতন অবকাঠামোর পুন: নিলাম মূল্য টাকা=১,৫৫,৩৯০/-মাত্র নির্ধারণ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উহা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো এবং উপজেলা প্রকৌশলীকে নিম্নবর্ণিত নিলাম কমিটির মাধ্যমে জরুরী ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

| | |
|---|---|
| ১। জনাব মো : মামুনুর রহমান, উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | আহবায়ক। |
| ২। জনাব মো : বিধু ভূষণ রায়, উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | সদস্য। |
| ৩। জনাব মো : রশিদুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী (এলজিইডি), ফুলবাড়ী, কুড়িগ্রাম | সদস্য। |
| ৪। জনাব মো : মনিরুজ্জামান, চেয়ারম্যান, কাশিপুর ইউপি, ফুলবাড়ী, কুড়িগ্রাম | সদস্য |

সভায় প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম জানান যে, উপজেলা পরিষদের নব নির্মিত প্রশাসনিক ভবনের পশ্চিম পার্শ্বে নিরাপত্তার জন্য Protection প্রয়োজন। এই প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলীকে যথাযথভাবে প্রাক্কলন প্রস্তুত করার জন্য বলা হলে তিনি নিম্নবর্ণিত প্রাক্কলন প্রস্তুত করে সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে উহা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা রাজস্ব তহবিল হতে প্রকল্পটি জরুরীভাবে নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।

উপজেলা পরিষদের নব নির্মিত প্রশাসনিক ভবনের পশ্চিম পার্শ্বে নিরাপত্তার জন্য Protection ব্যবস্থা গ্রহণ করণ।
বরাদ্দ টাকা=২০০০০০/-

(পাতা চলমান-০২)

পরিশেষে, বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(রেহেনুমা তারান্নুম)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও সভাপতি
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৬৫/২

তারিখ ঃ ০৪ ফাল্গুন ১৪৩১।
১৭ ফেব্রুয়ারি ২০২৫।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। নোটিশ বোর্ড।

(মোঃ মামুনুর রহমান)
উপজেলা প্রকৌশলী
ও সদস্য সচিব
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।